ঝিনাইদহের ব্যাংক কর্মকর্তাদের সাথে পুলিশ সুপারের মতবিনিময়

ঝিনাইদহের সকল ব্যাংকের কর্মকর্তাদের সাথে মতবিনিময় করেছেন পুলিশ সুপার আজিম-উল-আহসান।

আজ রবিবার সকালে পুলিশ সুপারের সম্মেলন কক্ষে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। এসময় পুলিশ সুপার আজিম-উল-আহসান, অতিরিক্ত পুলিশ সুপার ইমরান জাকারিয়া, অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) মীর আবিদুর রহমান, সদর থানার ওসি শেখ মোহাম্মদ সোহেল রানা, ডিএসবি ওসি জাহাঙ্গীর আলম, ডিবি ওসি শাহীন উদ্দিনসহ সরকারি-বেসরকারী দপ্তরের সকল ব্যাংকের কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

মতবিনিময় সভায় পুলিশ সুপার জেলার ব্যাংকের লেনদেনে স্বচ্ছতা, জাল টাকা রোধ, গ্রাহক হয়রানি বন্ধ, গ্রাহকের নিরাপত্তা, ব্যাংকের নিরাপত্তাসহ নানা বিষয়ে আলোচনা করেন। সেই সাথে ব্যাংক কর্মকর্তাদের নিরাপত্তা প্রদাণের আশ্বাসও দেন।

ঝিনাইদহে হাসপাতালের ডাস্টবিন থেকে নবজাতক উদ্ধার

ঝিনাইদহ সদর হাসপাতালের ডাস্টবিন থেকে এক নবজাতক কন্যা শিশুকে উদ্ধার করা হয়েছে। শুক্রবার (২৫ আগস্ট) সকালে ওই কন্যা শিশুকে উদ্ধার করা হয়। বর্তমানে শিশুটি ঝিনাইদহ সদর হাসপাতালের শিশু ওয়ার্ডে ভর্তি আছে।

ঝিনাইদহ সদর হাসপাতালের শিশু ওয়ার্ডের সিনিয়র স্টাফ নার্স কারমিলা মুরমু বলেন, শুক্রবার সকালে সদর হাসপাতালের পশ্চিম পাশের ডাস্টবিনে আবর্জনা সরাতে গিয়ে পৌরসভার ২ পরিচ্ছন্ন কর্মী পলিথিনে মোড়ানো শিশুটি দেখতে পায়। প্রথমে পৌরসভায় জানাতে চাইলেও পরে এক সেবিকার মাধ্যমে শিশুটিকে হাসপাতালে আনা হয়।

সেখানে চিকিৎসা দেয়ার পর ভর্তি করা হয় হাসপাতালের শিশু ওয়ার্ডে। আমরা শিশুটিকে স্যালাইন, ঔষধসহ যা যা প্রয়োজন দিয়েছি। এখন বাচ্চাটি সুস্থ আছে।

নাজমা খাতুন নামে এক রোগীর স্বজন বলেন, এতো সুন্দর মিষ্টি মেয়ে। দেখলে মায়া লাগে। সুন্দর ফর্সা একটা মেয়ে শিশু। খুব সুন্দর। যে বাচ্চাটা ফেলে রেখে গেছে সে কাজটা ভালো করেনি। মেয়েটির জন্য দোয়া করি। সে যেন সুস্থ থাকে, ভালো থাকে।

সুলতানা খাতুন নামে এক স্বজন বলেন, ফুটফুটে একটা মেয়ে শিশুকে ফেলে রেখে গেছে। যাই হোক আল্লাহর রহমতে ভালো আছে শিশুটি। শিশুটিকে নেয়ার জন্য অনেকে আবেদন করেছে। আমার একটা ছেলে আছে। মেয়েটি আমাকে দিলে আমি নিবো। আমার মতো অনেকেই বাচ্চাটি নিতে আবেদন করেছে।

ঝিনাইদহ সদর হাসপাতালের চিকিৎসক আফিয়া সুলতানা বলেন, সকাল ৯ টার দিকে শিশুটিকে হাসপাতালে ভর্তি করা হয়। হাসপাতালে আনার পর সব ধরনের চিকিৎসা দেয়া হয়েছে। শিশুটি যখন এসেছিলো তখন একটু অসুস্থ ছিল। এখন মোটামুটি ভালো আছে। শিশুটি এখন আমাদের তত্বাবধানে আছে। আইন অনুযায়ী দত্তক দেয়া হবে।

ঝিনাইদহে মিথ্যা মামলা প্রত্যাহার ও হত্যার হুমকীর বিরুদ্ধে সংবাদ সম্মেলন

ঝিনাইদহের মহেশপুরে পুর্ব শত্রুতার জের ধরে মিথ্যা মামলা, ফসল বিনষ্ট, বাড়ি-ঘর ভাংচুর লুটপাট ও হত্যার হুমকী প্রদর্শণের অভিযোগ উঠেছে। এসব ঘটনার বিরুদ্ধে এবং মিথ্যা ও হয়রানী মূলক মামলা প্রত্যাহার করে প্রকৃত দোষীদের নামে মামলার দাবীতে সংবাদ সম্মেলন করেছে ভুক্তভোগীরা।

আজ বৃহস্পতিবার (২৪আগস্ট) দুপুরে ঝিনাইদহ প্রেসক্লাবে এ সংবাদ

সম্মেলন করে মহেশপুর উপজেলার আলামপুর গ্রামের ইউপি সদস্য আব্দুল মালেক ও ভুক্তভোগীরা।

সে সময় তারা অভিযোগ করে বলেন, গত ২১ জুলাই আলামপুর গ্রামে ফুটবল খেলাকে কেন্দ্র করে দর্শকদের মাঝে সংঘর্ষে হানিফ নামের এক যুবলীগ কর্মী নিহত হয়। এ ঘটনাকে পুঁজি করে স্থানীয় আওয়ামী লীগ নেতা মতিয়ার রহমান বর্তমান ইউপি সদস্য আব্দুল মালেকসহ ৬ জনের নামে মামলা করেছে। সংঘর্ষের সময় তারা ছিলো না যা ভিডিও ক্লীপে দেখা যাচ্ছে। হত্যা মামলাকে পুঁজি করে বাড়ি ঘর ভাংচুর ও লুটপাট করছে। তাই এসব মিথ্য মামলা প্রত্যাহার করে প্রকৃত দোষীদের আইনের আওতায় আনার জোর দাবী জানান তারা।

সংবাদ সম্মেলনে ইউপি সদস্য আব্দুল মালেক বলেন, আমাদের মাঠের ফসল, পাঁকা ধান, কয়েক বিঘা জমির ড্রাগন, কলাসহ বিভিন্ন ফসল মাঠেই নষ্ট হচ্ছে। জমিতে আমাদের যেতে দেওয়া হচ্চে না। ঘটনার সময় করা ভিডিওতে দেখা যায় যাদের নামে মামলা করা হয়েছে তাদের একজনও সেখানে উপস্থিত নেই। শুধু আমাদের ফাঁসাতে এ মামলা করা হয়েছে।

সংবাদ সম্মেলনে ইউপি সদস্য আব্দুল মালেক, রাসেল হোসেন, সাইদুর রহমানসহ ভুক্তভোগী পরিবারের সদস্যরা উপস্থিত ছিলেন।

ঝিনাইদহে যৌতুকের দাবীতে স্বামীর হাতে স্ত্রী খুন আসামি গ্রেপ্তার

ঝিনাইদহে যৌতুকের দাবীতে স্বামীর হাতে স্ত্রী খুনের অন্যতম পলাতক আসামীকে র্যাবের হাতে গ্রেপ্তার।

গতকাল সোমবার (২১আগষ্ট) রাত ১ টার সময় র্যাব-৬, ঝিনাইদহ ক্যাম্পের একটি চৌকস আভিযানিক দল ঝিনাইদহ জেলার সদর থানাধীন আরাপপুর বাজারস্থ এলাকায় বিশেষ অভিযান পরিচালনা করে আত্মগোপনে থাকা সহযোগী অন্যতম আসামী মোঃ রাসেল (২৮) কে গ্রেপ্তার করে। সে

একই এলাকার মোঃ হাফিজের ছেলে।

প্রেস বিজ্ঞপ্তিতে জানা যায়, বেশ কয়েক বছর আগে ভিকটিম সিমা খাতুনের সাথে জহুরুল ইসলামের পারিবারিকভাবে বিবাহ হয়। বিবাহের সময় আসামীকে ভিকটিমের বাবা যৌতুক বাবদ নগদ টাকা এবং সংসারের বিভিন্ন জিনিসপত্র প্রদান করেন। পারিবারিক জীবনে তাদের দুইটি সন্তান রয়েছে। কিছুদিন পুর্বে আসামী ব্যবসা করার কথা বলে ভিকটিমের নিকট ২,০০,০০০/-টাকা যৌতুক দাবী করে শারীরিক ও মানসিক নির্যাতন শুরু করে। বিষয়টি জানতে পেরে ভিকটিমের পিতা তার অভাব অনটনের সংসার হতে ১,০০,০০০/-টাকা যৌতুক প্রদান করেন। আসামী যৌতুকের অবশিষ্ঠ টাকা দাবী করিয়া পুনরায় ভিকটিমকে শারীরিক ও মানসিক নির্যাতন করতে থাকে। দাবী করা যৌতুকের অবশিষ্ট টাকা না পেয়ে গত ১৩ মে ২০২৩ তারিখ ভিকটিমের সাথে আসামীর বাকবিতন্ডা হয়। তখন ভিকটিম যৌতুকের অবশিষ্ঠ টাকা দিতে অপারগতা প্রকাশ করলে ধৃত সহযোগী আসামীর সহায়তায় পাষন্ড আসামী তার ভাড়াকৃত বসত ঘরের মধ্যে লোহার হাতুড়ী দিয়ে ভিকটিমকে এলোপাথারিভাবে আঘাত করে মাথাসহ শরীরের বিভিন্ন স্থানে রক্তাক্ত গুরুতর জখম করে পালিয়ে যায়। স্থানীয়রা ভিকটিমকে রক্তাক্ত জখম অবস্থায় ঝিনাইদহ সদর হাসপাতালে ভর্তি করলে একই তারিখ চিকিৎসারত অবস্থায় ভিকটিমের মৃত্যু হয়।

উক্ত বিষয়ে ভিকটিমের পিতা বাদী হয়ে ঝিনাইদহ জেলার সদর থানায় একটি হত্যা মামলা দায়ের করেন। র্যাব-৬, ঝিনাইদহ ক্যাম্পের একটি আভিযানিক দল আত্মগোপনে থাকা হত্যাকারী পাষন্ড স্বামী জহুরুল ইসলামকে র্যাব গ্রেপ্তার করে এবং সহযোগী আসামীদের গ্রেপ্তারের লক্ষ্যে অভিযান অব্যাহত রাখে। পরবর্তীতে র্যাব তথ্য প্রযুক্তি ব্যবহার ও গোয়েন্দা তথ্যের ভিত্তিতে সহযোগী আসামীর অবস্থান নিশ্চিত করে।

গ্রেপ্তারকৃত আসামীকে প্রাথমিক জিজ্ঞাসাবাদে সে উক্ত হত্যাকান্ডের সাথে সস্পৃক্ততার কথা স্বীকার করে।

সরকারি চাকুরীতে প্রবেশের বয়সসীমা বৃদ্ধির দাবীতে ঝিনাইদহে মানববন্ধন

সরকারি চাকুরীতে প্রবেশের বয়সসীমা ৩৫ বছর করার দাবীতে ঝিনাইদহে মানববন্ধন কর্মসূচী পালিত হয়েছে। মঙ্গলবার সকালে শহরের কবি সুকান্ত সড়কের পাবলিক লাইব্রেরীর সামনে এ কর্মসূচীর আয়োজন করে চাকুরী প্রার্থীদের সংগঠন ৩৫ বাস্তবায়ন কমিটি। এতে ব্যানার ফেস্টুন নিয়ে সংগঠনটির নেতাকর্মী ছাড়াও শিক্ষার্থীরা অংশ নেয়।

সেসময় সংগঠনের খুলনা বিভাগীয় সভাপতি আবুল খায়ের, জেলা শাখার সভাপতি রুবেল হুসাইন, চাকুরী প্রার্থী জনি আহমেদ, মিলি খাতুন, মওদুদ হোসেনসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

এসময় বক্তারা বলেন, ‘চাকরিতে আবেদনের বয়স ৩৫ বছর করার দাবিতে আমরা প্রায় ১২ বছর ধরে আন্দোলন করছি। কিন্তু এখনো সরকার যৌক্তিক এ দাবি মেনে নেয়নি। বয়স নয়, যোগ্যতাই একজন প্রার্থীর একমাত্র মাপকাঠি। ডিজিটাল হওয়া সত্ত্বেও সোনার বাংলাদেশে চাকরিতে আবেদনের বয়স ৩০ বছরে সীমাবদ্ধ। এটা আমরা কোনোভাবেই মানতে পারি না।’ তাই ২০১৮ সালে বর্তমান সরকারের দেওয়া নির্বাচনী ইশতেহার সরকারি চাকুরীর বয়সসীমা ৩০ থেকে বৃদ্ধি করে ৩৫ করার দাবী জানাচ্ছি।

ঝিনাইদহ তথ্য অফিসের আয়োজনে নারী সমাবেশ

স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ এবং আত্মহত্যা, বাল্যবিবাহ ও মাদকাসক্তি প্রতিরোধে জনগণকে সচেতন ও উদ্বুদ্ধ করার লক্ষ্যে জেলা তথ্য অফিস ঝিনাইদহ এর আয়োজনে হরিণাকুন্ডু উপজেলার সোহাগপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠে নারী সমাবেশ অনুষ্ঠিত

হয়।

হরিণাকুন্ডু উপজেলা নির্বাহী কর্মকর্তা সুস্মিতা সাহার সভাপতিত্বে অনুষ্ঠিত এ নারী সমাবেশে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সংরিক্ষত মহিলা আসন-৩২৭ এর জাতীয় সংসদ সদস্য খালেদা খানম।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন হরিণাকুন্ডু উপজেলা পরিষদ চেয়ারম্যান মোঃ জাহাঙ্গীর হোসাইন, ঝিনাইদহ জেলা প্রাথমিক শিক্ষা অফিসার আনন্দ কিশোর সাহা, রঘুনাথপুর ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান মোঃ বশির উদ্দীন ও উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার এস এম আবদুর রহমান। জেলা তথ্য অফিসার মোঃ আবুবকর সিদ্দীক স্মার্ট বাংলাদেশ বিনির্মাণের পাশাপাশি বাল্যবিবাহ ও আত্মহত্যা প্রতিরোধের গুরুত্ব তুলে ধরে স্বাগত বক্তব্য প্রদান করেন।

প্রধান অতিথির বক্তব্যে জাতীয় সংসদ সদস্য খালেদা খানম বলেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবনের নেতৃত্বে বাংলাদেশ স্বাধীন হয়েছিল বলেই আমরা আজ উন্নত স্মার্ট বাংলাদেশ বিনির্মাণের স্বপ্ন দেখছি। বঙ্গবন্ধু যে সোনার বাংলা গড়তে চেয়েছিলেন সেটিকে দ্র্বুার গতিতে বাস্তবায়ন করে চলছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এদেশের নারী সমাজের সার্বিক উন্নয়নে প্রধানমন্ত্রী শেখ হাসিনা নানাবিধ যুগান্তকারী পদক্ষেপ গ্রহণ করেছেন। তিনি বক্তব্যে বিভিন্ন ক্ষেত্রে সরকারের সাফল্য তুলে ধরেন।

অন্যান্যের মধ্যে বিদ্যালয়ের প্রধান শিক্ষক ইসমত আরা বক্তব্য প্রদান করেন। এ নারী সমাবেশে বিভিন্ন শ্রেণি-পেশার দেড় শতাধিক নারী অংশগ্রহণ করেন।

কোটচাঁদপুরে ২১ আগস্ট গ্রেনেড হামলা উপলক্ষে দোয়া ও আলোচনা

সভা

২১ আগস্ট গ্রেনেড হামলায় নিহতদের আত্মার মাগফেরাত কামনায় কোটচাঁদপুর উপজেলা আওয়ামী লীগ আলোচনা সভা ও দোয়া অনুষ্ঠান করেছেন। গতকাল সোমবার সন্ধ্যায় স্থানীয় দলীয় কার্যালয়ে এ সভা করেন।

উপজেলা আওয়ামী লীগের সহ সভাপতি নুরুল ইসলাম খান বাবলু এ সভায় সভাপতিত্ব করেন। সভা সঞ্চলনা করেন,উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক মোঃ শাহাজান আলী।

সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন,ঝিনাইদহ জেলা আঃলীগের সহ সভাপতি ও ঝিনাইদহ -৩ আসনের মাননীয় জাতীয় সংসদ সদস্য এ্যাডঃ শফিকুল আজম খান চঞ্চল।

এছাড়া বক্তব্য রাখেন,উপজেলা আওয়ামী লীগের সহ সভাপতি লুৎফর রহমান, সহ সভাপতি ফারজেল হোসেন মন্ডল, পৌর আওয়ামী লীগের সভাপতি কাজী আলমগীর,উপজেলা যুবলীগ নেতা মঈনুদ্দিন শেখ হেকিম,উপজেলা স্বেচ্ছাসেবক লীগের যুগ্ম আহবায়ক জাকির হোসেন লিমন

ইউপি চেয়ারম্যান মিজানুর রহমান খান, কুশনা ইউনিয়ন আঃলীগের সাধারণ সম্পাদক রবিউল ইসলাম, পৌর ছাত্রলীগের সাবেক সভাপতি আলামিন,সাবেক সাধারণ সম্পাদক প্রদিপ কুমার হালদার।

বক্তারা বলেন,ওই ঘটনাপ্রবাহের কালো থাবা বাংলাদেশের রাজনীতিকে আরেকবার বিভক্ত করেছেন।
বঙ্গবন্ধু কন্যা বর্তমান প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে আইনের শাসনের যে নজির স্থাপন করেছেন। বাংলাদেশের মানুষ তা যুগে যুগে স্মরণ করবে।

২১ আগস্টে বর্বর গ্রেনেড হামলা ও হত্যাকাণ্ডের পর্দার আড়ালের কুশীলবদের মুখোশ উন্মোচনের জন্য আন্তর্জাতিক ভাবে তদন্ত কমিটি গঠনেরও দাবি জানান নেতারা।

আলোচনা শেষে ২০০৪ সালের ২১ আগস্ট নারকীয় হত্যাকাণ্ডে নিহতদের প্রতি শ্রদ্ধা জানিয়ে আইভি রহমানসহ ২৪ জন নেতাকর্মীর বিদেহী আত্মার মাগফেরাত কামনা করে দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

[redacted]

[redacted]

অবিলম্বে ফেরত পায়। সেই সাথে যে তাকে তুলে নিয়ে গেছে তার যথা উপযুক্ত বিচার চাই। একটি হিন্দু পরিবারের গৃহবধূকে একটি মুসলিম পরিবার তুলে নিয়ে যাবে তার বিচার পাবো না এ কেমন কথা। এই বলে সাংবাদিক সম্মেলনে উপস্থিত বিকাশ বিশ্বাস কান্নায় বারবার চোখ মুছতে থাকেন।

এই প্রসঙ্গে ঝিনাইদহ সদর থানার অফিসার্স ইনচার্জ সোহেল রানা বলেন আমাদের এখানে অভিযোগ পাওয়ার পর আমরা চৈতি বিশ্বাস ও তার শিশুসন্তানকে উদ্ধারের ব্যাপারে প্রাণপণ চেষ্টা করে যাচ্ছি। আশা রাখি খুব দ্রুতই চৈতি বিশ্বাসকে তার স্বামীর নিকট ফেরত দিতে পারব।

সাংবাদিক সম্মেলনে ঝিনাইদহ প্রিন্ট পত্রিকার একাধিক সাংবাদিক উপস্থিত ছিল।

ঝিনাইদহে বিএনপির পদযাত্রা অনুষ্ঠিত

বিএনপি’র চেয়ারপার্সন ও একাধিকবার নির্বাচিত প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার নিঃশর্ত মুক্তি ও উন্নত চিকিৎসার দাবীতে ঝিনাইদহে বিএনপি’র পদযাত্রা কর্মসূচী পালিত হয়েছে।

আজ শনিবার (১৯ আগস্ট) দুপুরে ঝিনাইদহ প্রেসক্লাবের সামনে থেকে পদযাত্রাটি শুরু হয়ে শহরের বিভিন্ন সড়ক ঘুরে কেন্দ্রীয় বাস টার্মিনাল এলাকায় গিয়ে শেষ হয়। পরে সেখানে অনুষ্ঠিত সংক্ষিপ্ত সমাবেশে বিএনপির কেন্দ্রীয় নির্বাহী কমিটির খুলনা বিভাগীয় সহ-সাংগঠনিক সম্পাদক জয়ন্ত কুমার কুন্ডু, জেলা বিএনপির সভাপতি এ্যাড. এম এম মজিদ, সাধারণ সম্পাদক জাহিদুজ্জামান মনাসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

এসময় বক্তারা বলেন, এখন বিএনপির একটিই দাবি, সরকারের পদত্যাগ ও বেগম খালেদা জিয়ার মুক্তি দিয়ে সুচিকিৎসা প্রদান করা। খালেদা জিয়ার মুক্তি না দিলে সেপ্টেম্বর মাস থেকে তীব্র আন্দোলনের

মাধ্যমে এ সরকারকে ক্ষমতার মসনদ থেকে নামানো হবে।

ঝিনাইদহের কালীগঞ্জে গাঁজাসহ বাবা ছেলে আটক

ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলার আড়পাড়া এলাকা থেকে বাবা ও ছেলেকে গাঁজাসহ আটক করেছে পুলিশ।

আজ শনিবার সকাল সাড়ে ৯ টার দিকে তাদের আটক করা হয়। এ সময় তাদের কাছ থেকে তিন কেজি গাঁজা উদ্ধার করা হয়েছে।
কালীগঞ্জ থানার ওসি মাহাবুবুর রহমান জানান, মাদক কেনাবেচা হচ্ছে এমন সংবাদের ভিত্তিতে উপজেলার আড়পাড়া এলাকায় কালীগঞ্জ থানা পুলিশের এসআই কাবিরুলের নেতৃত্ব অভিযান পরিচালনা করা হয়।

এ সময় চুয়াডাঙ্গা জেলার দর্শনা এলাকার শাহাবুল ইসলাম ও আশিকুল নামে দুই মাদক কারবারিকে আটক করা হয়। তাদের দেহ তল্লাশি করে তিন কেজি গাঁজা উদ্ধার করা হয়েছে। আটককৃতদের বিরুদ্ধে কালীগঞ্জ থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রন আইনে মামলা দায়ের হয়েছে।